উপজেলা পরিষদ
বুড়িচং, কুমিল্লা

<u>জানুয়ারী/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:</u>

সভাপতি ঃ আখলাক হায়দার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বুড়িচং, কুমিল্লা।

সভা অনুষ্ঠানের তারিখ ও সময় ঃ ১৪/০১/২০২১ খ্রিঃ, বেলা ১২.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পূর্ববর্তী সভায় কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আজকের সভায় বিস্তারিতভাবে বিষয়ভিত্তিক আলোচনা করা হয়।

<u>ইউপি চেয়ারম্যানগণের বক্তব্য ঃ-</u>

| ক্রমঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | <u>রাজাপুর ইউপি</u> ঃ চেয়ারম্যান, রাজাপুর ইউপি সভায় জানান, বুড়িচং রোডের রাজাপুর রেলওয়ে ষ্টেশন এর পশ্চিম পার্শ্বে ব্রীজ ভেঙ্গে রয়েছে। উক্ত ব্রীজটি ভেঙ্গে যাওয়ার ফলে যানবাহন চলাচল করতে পারছে না। বর্ণিত ব্রীজটি জরুরী ভিত্তিতে উপজেলা উদ্বৃত্ত রাজস্ব তহবিল হতে মেরামত করার জন্য সভায় প্রস্তাব করেন। তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে রাজাপুর রেলওয়ে ষ্টেশন এর পশ্চিম পার্শ্বে ব্রীজ মেরামত করার জন্য প্রাক্কলন মোতাবেক প্রকল্প কমিটির মাধ্যমে উপজেলা উদ্বৃত্ত রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী বুড়িচং, কুমিল্লা। |
| ০২. | <u>বাকশীমূল ইউপি</u> ঃ চেয়ারম্যান, বাকশীমূল ইউপি জানান যে, তার ইউনিয়নে (কালিকৃষ্ণনগর আশ্রয়ন কেন্দ্র ও গুচ্ছগ্রামে) দরিদ্র ও অসহায় মানুষের সংখ্যা বেশি। বিভিন্ন ভাতা ও ভিজিডি কার্ড বরাদ্দ প্রদানের ক্ষেত্রে সদয় বিবেচনা করতঃ বাড়তি বরাদ্দ প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। তিনি আর ও জানান যে, আনন্দপুর বিজিবি ক্যাম্প হইতে জলিল কবিরাজের বাড়ি পর্যন্ত ইটের সলিং করার জন্য সভায় প্রস্তাব করেন।তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্প প্রাক্কলন মোতাবেক প্রকল্প কমিটির মাধ্যমে উপজেলা উদ্বৃত্ত রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী বুড়িচং, কুমিল্লা। |
| ০৩. | <u>বুড়িচং সদর ইউপি</u> ঃ চেয়ারম্যান, বুড়িচং সদর ইউপি সভায় জানান যে, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে নতুন করে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে তালিকা তৈরী করত ঃ উপজেলা প্রকৌশলী, বুড়িচং, কুমিল্লার নিকট জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান ইউপি ( সকল) বুড়িচং, কুমিল্লা। |
| ০৪. | পীরযাত্রাপুর ইউপি ঃ চেয়ারম্যান, পীরযাত্রাপুর ইউপি'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৫. | <u>ভারেল্লা উঃ ইউপি</u> ঃ- চেয়ারম্যান, ভারেল্লা উঃ ইউপি সভায় জানান, কংশনগর বাজারের মাছের শেডঘর নির্মাণের জন্য পূর্বে টেন্ডার করা হয়েছিল। বর্ণিত প্রকল্পটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। উক্ত প্রকল্পের বিষয়ে একজন মিথ্যা অভিযোগ দায়ের করেন | বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী বুড়িচং, কুমিল্লা। |

বিভাগীয় কর্মকর্তাগণের বক্তব্য ঃ-

| ক্র/ন | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী ক |
| --- | --- | --- | --- |
| ০১. | প্রকৌশল বিভাগ ঃ উপজেলা প্রকৌশলী জানান, ক. রাজাপুর হাজীপাড়া দক্ষিণপাড়া ঈদগাহ ময়দান উন্নয়ন খ. শংকুচাইল হাজী এটিএম প্রিঃ ক্যাডেট হাফিজিয়া মাদ্রাসার পশ্চিম পার্শ্বে ও লতিফ খান মেম্বারের বাড়ীর দক্ষিণ পার্শ্বে ড্রেইন নির্মাণ গ. ইছাপুরা আবুল বাসারের রাস্তার পার্শ্বে পুকুরের দঃ দিকে রিটার্নিং ওয়াল নির্মাণ (ঘ) আানন্দপুর ভূমিহীনদের মাঝে গৃহ নির্মাণের কাজে সহায়তার জন্য মটর ক্রয়সহ সরঞ্জামাদি = ১৯,৫৩০/- ঙ. উপজেলা আনসার ক্যাম্পে পার্টিশন তৈরী বাবদ- ১২,৬০০/- (চ) উপজেলা কম্পিউটারের প্রিন্টারের জন্য ০২ টি টোনার, ভিজিএ ক্যাবল ও প্রিন্টারের ড্রামসেট-০১টি, এন্ট্রিভাইরাসহ সর্বমোট- ৮৯০০/- টাকা । বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ক-গ নং এর ব্যয় প্রকল্প কমিটি'র মাধ্যমে বাস্তবায়ন এবং ঘ-চ নং ব্যয় ভাউচারে মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌ<br>বুড়িচং, কুমিল্লা |
| ০২. | স্বাস্থ্য বিভাগ ঃ- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে, করোনা ভাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে জন্য উপজেলা কমিটি গঠন করা হয়েছে।<br>কমিটির কর্মপরিধিঃ<br>১।কোভিড-১৯ মহামারী মোকাবেলায় নিয়োজিত স্বাস্থ্য কর্মীগণ, সম্মুখসারীর কর্মীগণ, রোগ প্রতিরোধ ক্ষমতাহীন জনগোষ্ঠি, বয়ঃজ্যেষ্ঠ, জনগোষ্ঠি, দীর্ঘমেয়াদী রোগে আক্রান্ত প্রাপ্ত বয়স্ক জনগোষ্ঠির অগ্রাধিকার তালিকা প্রণয়ন।<br>২। করোনা ভ্যাকসিন প্রদান কার্যক্রম বাস্তবায়ন ও পরিবীক্ষণ করা ।<br>৩। ভ্যাকসিন প্রদানকালীন সময়ে ভ্যাকসিন প্রদান কেন্দ্রসমূহে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।<br>৪। ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা ভাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে জন্য উপজেলা কমিঠি গঠন করা হয়েছে। কমিটিগণ উপরোক্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>বুড়িচং, কুমিল্লা। |
| ০৩. | কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা<br>বুড়িচং, কুমিল্লা। |
| ০৪. | মৎস্য বিভাগ ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>বুড়িচং, কুমিল্লা। |
| ০৫. | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, ময়নামতি ইউনিয়নের দেবপুর বাজারে প্রাণীসম্পদ বিভাগের ০.৩ শতক জমির উপর একটি প্রাণী সম্পদ উন্নয়ন প্রজেক্ট ছিল। বর্তমানে উক্ত ঘরটি ভেঙ্গে খুব নাজুক অবস্থায় রয়েছে। উক্ত স্থানের ঘরটি সম্পূর্ণভাবে মেরামত করার জন্য সভায় প্রস্তাব করেন। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী<br>বুড়িচং, কুমিল্লা। |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা<br>বুড়িচং,কুমিল্লা। |
| ০৭. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন আবর্তক ঋণ কর্মসূচিসহ মোট ০৭ টি প্রকল্প চলমান রয়েছে। ডিসেম্বর /২০ মাসে মোট সদস্য ভর্তি ২৬ জন, শেয়ার আদায় ১৭,০০০/- সঞ্চয় আদায় ১,৭০,০০০/-,মোট ঋণ বিতরণ ৩৫,২৭,০০০/- টাকা ও ঋণ আদায় ৩২,৭০,০০০/- টাকা। বর্তমান মাসে ২২ জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয় । বর্তমানে উপজেলার খেলাপী ঋণের পরিমাণ ৯৬.৬৫ লক্ষ টাকা। সদর দপ্তরের নির্দেশনার আলোকে খেলাপী সদস্যদের গ্রামে মসজিদে ও জনবহুল এলাকায় এবং হাট বাজারে মাইকিং করা, খেলাপী টাকা আদায়ের জন্য উপজেলা প্রশাসন কর্তৃক নোটিশ ও প্রয়োজনে সার্টিফিকেট মামলা করা এবং স্থানীয় জনপ্রতিনিধিসহ প্রশাসনের সার্বিক সহযোগিতা কামনা করছি। প্রকল্প সমূহের বিদ্যমান খেলাপী টাকা আদায়ের জন্য স্থানীয় জনপ্রতিনিধিসহ প্রশাসনের সার্বিক সহযোগিতা কামনা করছি। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>বুড়িচং, কুমিল্লা |
| ০৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ঃ ভিজিডি কর্মসূচির ২০১৯-২০ চক্রের উপকারভোগী সঞ্চয়কৃত অর্থ ভারেল্লা উঃ ইউনিয়ন পরিষদের মাধ্যমে বিতরণ শুরু হয়েছে। ভিজিডি ২০২১-২০২২ চক্রের ভিজিডি নতুন কার্ডধারীদের মাঝে কার্ড বিতরণ করা হবে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | যথাসময়ে ও সুষ্ঠভাবে কার্ড বিতরণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>বুড়িচং, কুমিল্লা।<br>ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১০. | উপজেলা শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, ষোলনল ইউনিয়নে রাস্তার পার্শ্বে অবস্থিত গাজীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল গাড়ির ধাক্কায় ভেঙ্গে গেছে। বিদ্যালয়ের সামনের রাস্তাটি অতিমাত্রায় ক্ষতিগ্রস্ত হওয়ায় যানবাহন চলাচল করতে অসুবিধা হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | ১.উপজেলা প্রকৌশলী<br>বুড়িচং, কুমিল্লা।<br>২. উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>বুড়িচং, কুমিল্লা। |
| ১১. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ- বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, চলমান মাসে ১৬ ব্যাচ প্রশিক্ষণের মধ্যে বিভিন্ন বিষয়ে ১০টি ব্যাচে মোট ২৫০ জন যুব ও যুব মহিলাদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন হয়। চলমান মাস পর্যন্ত ২৩,৯০,০০০/- টাকা বিতরণ করা হয়। চলমান মাসে ঋণ আদায়ের হার ৯৫.৫১%। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানান। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা। |
| ১৩. | সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানান। | উপজেলা সমবায় কর্মকর্তা, বুড়িচং, কুমিল্লা। |
| ১৪. | গৃহ নির্মাণ সংক্রান্তঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ ( উপজেলা ১শাখা) ০৪ জানুয়ারী ২০২১ খ্রিঃ ৪৬.০০. ০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১ নং স্মারকের পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বুড়িচং উপজেলায় ০৩ (তিন) টি গৃহনির্মাণের জন্য নির্দেশনা রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে বর্ণিত বিষয়ে গৃহ নির্মাণের জন্য প্রাক্কলন মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে প্রকল্প কমিটি/ কোটেশন এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী বুড়িচং, কুমিল্লা। |
| ১৫. | ভাইস-চেয়ারম্যান ঃ ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা জানান যে, নিমসার জুনাব আলী কলেজের দক্ষিণ পূর্ব হতে মাধবপুর কবির মেম্বারের বাড়ী হয়ে ঢাকা-চট্টগ্রাম আর এইচ রাস্তাটি আইডি অন্তর্ভূক্ত করার জন্য সভায় প্রস্তাব করেন। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা পকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী বুড়িচং, কুমিল্লা |

<u>মালি নিয়োগ সংক্রান্ত ঃ-</u>

| ক্রঃ নং | প্রার্থীর নাম ও ঠিকানা | পদের নাম | পদের ধরণ | দৈনিক মজুরীর পরিমাণ | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ০১. | মোঃ আবদুল কাদের,পিতাঃ মৃত হারি মিয়া মাতাঃ কমলা খাতুন, গ্রাম+ডাকঃ বুড়িচং উপজেলাঃ বুড়িচং, জেলাঃ কুমিল্লা। | মালি | সম্পূর্ণ অস্থায়ী | ৫০০/- | বিস্তারিত আলোচনান্তে তাকে নিয়োগপত্র প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |

উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা ঃ উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা জানান, এ উপজেলার স্কুল, কলেজ, মাদ্রাসার অনুষ্ঠিত অনলাইন ক্লাসসমূহে ও মসজিদে খুতবায় বাল্য বিবাহ প্রতিরোধ সংক্রান্ত আলোচনা করতে হবে। করোনা ভাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনে জন্য উপজেলা কমিটি গঠন করা হয়েছে। ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের জন্য সকলকে সহযোগিতা করার অনুরোধ করেন। তিনি সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডসমূহ যথাযথ বাস্তবায়নে বুড়িচং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাসহ উপস্থিত সকলকে আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার অনুরোধ জানান।

**চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা ঃ** উপজেলা চেয়ারম্যান তার বক্তব্যে বলেন, করোনা ভাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনে জন্য উপজেলা কমিঠি গঠন করা হয়েছে। উপজেলা কমিটি ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের নিমিত্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। তাঁর এপ্রিল/২০ হতে ডিসেম্বর/২০ পর্যন্ত ভ্রমণ ভাতার বিল বাবদ-৮৪,৩৭৫/- (চুরাশি হাজার তিনশত পঁচাত্তর) টাকার ভ্রমণ বিবরণী দাখিল। উপজেলা পরিষদের আসন্ন শীতে কোভিড-১৯ এর সম্ভাব্য দ্বিতীয় পর্যায়ের সংক্রমন আবার বৃদ্ধি পেতে পারে মর্মে বিশ্লেষকগণ আশঙ্কা প্রকাশ করেছেন। বঙ্গবন্ধু মানে বাংলাদেশ। বঙ্গবন্ধুর জন্ম না হলে বাংলাদেশ নামক ভূখন্ডের জন্ম হতো না। বঙ্গবন্ধুর নেতৃত্বে ৭১ সালের মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা স্বাধীন, সার্বভৌম বাংলাদেশ পেয়েছি। তিনি আরো বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ২০৪১ সালের ভিশন যথারীতি বাস্তবায়ন করণ এবং প্রতিটি গ্রামকে শহর হিসাবে রুপান্তর করার লক্ষ্যে সকলকে আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। তিনি মাসিক সভায় সকল সদস্যের যথাসময়ে উপস্থিতির বিষয়টি নিশ্চিতকরণের উপর গুরুত্বারোপ করেন। মাননীয় সংসদ সদস্য এডভোকেট আবদুল মতিন খসরু মহোদয়ের পরামর্শ মোতাবেক বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে এই বুড়িচং বাসীকে সাথে নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারভিত্তিক প্রকল্পসমূহসহ এবং বুড়িচং উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড সকলের সহযোগিতায় বাস্তবায়ন করা হবে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ভ্রমণ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

14.1.21

(আখলাক হায়দার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বুড়িচং, কুমিল্লা।

স্মারক নং- ০৫.২০.১৯১৮.০৩৩.০০.০০৫.১৯- ০২

তারিখ ঃ ১৪/০১/২০২১ খ্রিঃ

<u>অনুলিপি - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ-</u>

০১। এডভোকেট আবদুল মতিন খসরু, মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫ (বুড়িচং-ব্রাহ্মণপাড়া) নির্বাচনী এলাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কুমিল্লা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা।
০৭। সহকারী কমিশনার (ভূমি), বুড়িচং, কুমিল্লা।
০৮। উপজেলা....................... অফিসার, বুড়িচং, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান,.......................ইউনিয়ন পরিষদ, বুড়িচং, কুমিল্লা।

১৪/০১/২১

(মোছাম্মৎ সাবিনা ইয়াছমিন)
উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা।